

## 💵 আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: আল্লাহ তা'আলার সিফাত তথা গুণ-বিষয়ক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পঞ্চম মূলনীতি: সাব্যস্তজাত গুণ দু'ভাগে বিভক্ত। আল্লাহর সন্তাসংলগ্ন গুণ ও তাঁর কর্মসংলগ্ন গুণ।

- সত্তাসংলগ্ন গুণ হলো, যেগুলো অনাদি কাল থেকে আল্লাহর সত্তার সঙ্গে রয়েছে এবং অনন্তকাল ধরে থাকবে। যেমন ইলম, কুদরত, শ্রবণ, দর্শন, পরাক্রমশীলতা, হিকমত, সর্বোচ্চতা, 'আযমত। এর মধ্যে সংবাদজাত গুণ যেমন চেহারা, দু'হাত, দু'চোখ ইত্যাদিও শামিল রয়েছে।
- আর কর্মসংলগ্ন গুণ হলো ওইসব গুণ, যা আল্লাহ তা'আলার ইচ্ছার সঙ্গে সম্পৃক্ত। অর্থাৎ এমন সব কর্ম যা আল্লাহ তা'আলা ইচ্ছা করলে করেন এবং ইচ্ছা না করলে করেন না। যেমন আরশের ওপর উঠা এবং নিমাকাশে অবতরণ করা।

আবার কখনও কখনও সিফাতে যাতিয়া অর্থাৎ সন্তাসংলগ্ন গুণ দু'ভাবে কর্মসংলগ্ন গুণও হতে পারে, যেমন কালাম বা কথা। এ গুণটি তার মৌলিকতার বিবেচনায় সিফাতে যাতিয়া (সন্তাসংলগ্ন গুণ); কেননা আল্লাহ তা'আলা অনাদি অনন্তকাল ধরে মুতাকাল্লিম থেকেছেন এবং থাকবেন। আর সুনির্দিষ্ট কোনো কথার ক্ষেত্রে 'কালাম' গুণটি সিফাতে ফি'লিয়া তথা কর্মসংলগ্ন গুণ। কেননা কথা বলা আল্লাহ তা'আলার ইচ্ছার সঙ্গে সম্পৃক্ত। তিনি যখন যা ইচ্ছা করেন বলেন। যেমন আল্লাহ তা'আলার বাণী:

﴿ إِنَّمَآ أَما َرُهُ ۚ إِذَآ أَرَادَ شَيااً أَن يَقُولَ لَهُ ۚ كُن فَيَكُونُ ٨٢ ﴾ [يس: ٨٢]

নিশ্চয়ই তাঁর ব্যাপার শুধু এই যে, কোন কিছুকে তিনি যদি 'হও' বলতে চান, তখনই তা হয়ে যায়। (ইয়াসীন: ৩৬: ৮২)

﴿ وَمَا تَشَآءُونَ إِلَّا أَن يَشَآءَ ٱللَّهُ ۚ إِنَّ ٱللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ٣٠ ﴾ [الانسان: ٣٠]

আর আল্লাহ ইচ্ছা না করলে তোমরা ইচ্ছা করতে পারবে না; নিশ্চয় আল্লাহ মহাজ্ঞানী, প্রাজ্ঞ। (সূরা আল ইনসান:৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=10369

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন